

SwachhataPakhwada in the Ministry of External Affairs

February 01, 2023

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকে স্বচ্ছতা পাখওয়াড়া অভিযান

ফেব্রুয়ারি 01, 2023

কেন্দ্রীয় সরকারি মন্ত্রণালয়/দপ্তরগুলির নির্দিষ্ট সূচী অনুসারে পররাষ্ট্র বিষয়ক মন্ত্রক 425টি স্থানে 01 থেকে 15 ই জানুয়ারি 2023 -এ স্বচ্ছতা পাখওয়াড়া অভিযান পালন করেছে। যার মধ্যে রয়েছে আঞ্চলিক পাসপোর্ট অফিসগুলি, বিদেশস্থিত ভারতীয় মিশন/পোস্টগুলি, ভারতে সচিবালয়ের শাখা দপ্তর এবং অধীনস্থ দপ্তরগুলি।

2. 13ই জানুয়ারি 2023 তারিখে মন্ত্রণালয়ের উচ্চপদস্থ আধিকারিকদের সাথে নিয়ে বিদেশমন্ত্রী ডঃ এস.জয়শংকর সাউথ ব্লক পরিদর্শন করেছেন। বিদেশমন্ত্রী সাউথ ব্লকের বিভিন্ন দপ্তরগুলি, শৌচালয়, নব নির্মিত সভাগৃহ এবং সংস্কার করা ক্যান্টিন পরিদর্শন করেছেন। স্বচ্ছতা পাখওয়াড়া অভিযান সফলভাবে সম্পূর্ণ করার জন্য বিদেশমন্ত্রী মন্ত্রণালয়ের কর্মীদের প্রশংসা করেছেন।

3. পাখওয়াড়া অভিযান চলাকালীন, অফিস ভবনের বর্তমান পরিচ্ছন্নতার স্তর উন্নত করার জন্য, বাতিল/বর্জ্য পদার্থগুলিকে সরিয়ে ফেলা এবং এই বার্তাকে প্রসারিত করার জন্য সোশ্যাল মিডিয়া ব্যবহারের উপরে বিশেষভাবে জোর দেওয়া হয়েছে। ভারতে মন্ত্রণালয়ের এবং এর সকল দপ্তর/অধীনস্থ অফিসে এবং বিদেশস্থিত ভারতীয় মিশন/পোস্টগুলির সকল লক্ষণীয় স্থানে স্বচ্ছতা ব্যানার প্রদর্শিত করা হয়েছিল। আধিকারিকরা তাদের অফিস গুলি এবং অফিসের চারপাশ পরিষ্কার করার জন্য শ্রমদান করেছিলেন। শৌচালয়, বাথরুম, সিঁড়ি এবং করিডোরগুলি পরিষ্কার করা সেইসাথে নিরাপদভাবে বর্জ্য কাগজ, প্লাস্টিক এবং ই-বর্জ্য ব্যানারগুলিকে আলাদা করা ও সরিয়ে ফেলার জন্য বিশেষ অভিযান করা হয়েছিল। বিভিন্ন দল সাউথ ব্লক, জহরলাল নেহেরু ভবন এবং সুসমা স্বরাজ ভবনে শৌচালয়ে দিব্যাঙ্গদের ব্যবহারের পর্যালোচনার কাজ করেছেন।

4. বিদেশস্থিত ভারতীয় মিশন/ ভারতের আরপিও গুলি স্বচ্ছতা পাখওয়াড়া অভিযানে সক্রিয় অংশগ্রহণ করেছে। স্বচ্ছতা কর্মকান্ডে ভারতীয় মিশনগুলি প্রবাসী ভারতীয়দের নিযুক্ত করেছিল। স্বচ্ছতা কর্মকান্ডের মধ্যে অন্তর্ভুক্ত ছিল (i) রক্তদান শিবির (ইওআই কাঠমান্ডু, এএইচসিআই মোম্বাসা এবং আরপিও হায়দ্রাবাদ) (ii) নুষ্কর নাটক (সিজিআই ইস্তাম্বুল এবং সিওএ এবং পাসপোর্ট অফিস

বিশাখাপত্তনম)। (iii) প্লগিং ওয়াক (সিজিআই সিওএ। ইও আই আসানসিওন, প্যারাগুয়ে এবং আরপিও লখনৌ। (iv) ওয়েবিনারস (ইওআই হগ, এএইচসিআই মোম্বাসা, আরপিও সিমলা এবং ভোপাল) (v) অঙ্কন প্রতিযোগিতা (এএইচসিআই চিটাগাং, ইওআই আঙ্কারা, এইচসিআই নাইরোবি ইত্যাদি)।এবং (vi) বৃক্ষচারা রোপন (এইচসিআই সুভা, ইওআই বাকু, ইওআই ব্রাজাভিলে, আরপিও জলন্ধর ইত্যাদি)।

5. স্বচ্ছতা পাথওয়াড়া মাত্রায় ও আকারে ব্যাপক আকারের ছিল এবং ভারত ও বিদেশ থেকে হাজার হাজার আধিকারিকদের অংশগ্রহণ এই অভিযানের সাক্ষ্য বহন করেছেন।

নিউ দিল্লি

ফেব্রুয়ারি 01, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.